# 222485 - যে ব্যক্তি রমযানরে দনিরে বলোয় স্ত্রী সহবাস করছেে কন্তিু রোযো রাখতে অক্ষম তার কাফ্ফারা

প্রশ্ন

যে নারীর সাথে তার স্বামী রমযানরে দনিরে বলোয় সহবাস করছে; সে নারী যদি লাগাতর দুই মাস রোযো রাখতে অক্ষম হয় তার শারীরিক দুর্বলতা ও ঋতুচক্ররে কারণে তার কাফ্ফারার হুকুম কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

রমযানরে দনিরে বলোয় সহবাসে লপ্তি হওয়া রোযো ভঙ্গরে কারণসমূহরে মধ্যে সবচয়েে জঘন্য। এভাবে রোযো ভাঙ্গার কারণে কাফ্ফারা ওয়াজবি হওয়ার সাথে ইস্তগিফার করা, তওবা করা এবং এ দনিরে রোযোর কাযা পালন করা ওয়াজবি।

এ গুনার কাফ্ফারা হল নম্নিোক্ত ক্রমধারায়: ক্রীতদাস আযাদ করা। যদি ক্রীতদাস না পায় তাহলে লাগাতর দুই মাস রোযো রাখা। যদি রোযো রাখতে সক্ষম না হয় তাহলে ষাটজন মসিকীনকে খাদ্য দওেয়া।

অক্ষমতা বা সামর্থ্যহীনতার কারণ ছাড়া এক স্তররে কাফ্ফারা বাদ দয়িে অপর স্তররে কাফ্ফারাতে যাওয়া জায়যে নয়।

আরও জানতে দখেুন: 106532 নং প্রশ্নোত্তর।

দুই:

সহবাসকালে স্ত্রী যদি ওজরগ্রস্ত হয়; যমেন- জবরদস্তরি শকিার হওয়া, কংিবা ভুলে যাওয়া কংিবা রমযানে দনিরে বলোয় সহবাস করা যে হারাম সটো না জানা; তাহলে তার গুনাহ হবে না এবং তার উপর কাফ্ফারাও ওয়াজবি হবে না।

যে নারীর সাথে জবরদস্তি করে সহবাস করা হয়ছেে সইে দনিে তার রোযো সহহি হবে কনিা— এ ব্যাপারে আলমেগণ মতভদে করছেনে। যারা রোযো রাখাকে ওয়াজবি বলছেনে তাদরে অভমিতকে ধর্তব্যে এনে তনিি যদি সতর্কতাস্বরূপ এ দনিরে বদলে অন্য একদনি রোযো রাখনে তাহলে সটো উত্তম।

আর যদি স্ত্রী তার স্বামীর অনুগত হয়ে সহবাসে লপ্তি হয়, তার কোনো ওজর না থাকে সক্ষেত্রেে তার উপর কাযা ও

কাফ্ফারা উভয়টি ওয়াজিব হবে। এটি জমহুর আলেমের অভিমত।

এ মাসয়ালাটি আরও বিস্তারিত জানতে দেখুন: 106532 নং প্রশ্নোত্তর।

তিন:

যদি কোন নারী তার ধর্তব্যযোগ্য স্বাস্থ্যগত অবস্থার কারণে রোযা রাখতে অক্ষম হন তাহলে তার উপর কাফ্ফারা হল: ষাটজন মিসকীনকে খাদ্য দেওয়া। সে নারী নিজে এটা পরিশোধ করবেন কিংবা তার পক্ষ থেকে পরিশোধ করার জন্য স্বামীকে দায়িত্ব দিবেন।

স্থায়ী কমিটির আলেমগণ বলেন: "রমযানের দিনের বেলায় সহবাস করার কাফ্ফারা হচ্ছে পূর্বোক্ত ক্রমধারায়। তাই কেউ দাস আযাদ করতে অক্ষম না হলে রোযা রাখার দিকে যেতে পারবে না। কেউ রোযা রাখতে অক্ষম না হলে খাদ্য দেওয়ার দিকে যেতে পারবে না। যদি কোন ব্যক্তি দাস আযাদ ও রোযা রাখতে অক্ষম হওয়ার কারণে খাদ্য দেওয়ার সুযোগ গ্রহণ করেন তাহলে তিনি ষাটজন গরীব-মিসকীন রোযাদারকে ইফতার করানো জায়েয হবে। এভাবে ইফতার করাতে হবে যাতে করে, স্থানীয় খাদ্য দিয়ে তারা পেট ভরে খেতে পারে। এভাবে একবার নিজের কাফ্ফারা হিসেবে এবং আরেকবার স্ত্রীর কাফ্ফারা হিসেবে খাওয়াবেন। কিংবা ষাটজন মিসকীনকে ষাট স্বা খাদ্য নিজের কাফ্ফারা ও স্ত্রীর কাফ্ফারা হিসেবে প্রদান করবেন। প্রত্যেক মিসকীনকে এক স্বা করে দিবেন। এক স্বা-এর পরিমাণ হচ্ছে প্রায় তিন কিলোগ্রাম।[ফাতাওয়াল লাজনাদ দায়িমা (৯/২৪৫)]

চার:

রোযা রাখা শুরু করার পর যদি কারো হায়েয আরম্ভ হয় এতে করে তার কাফ্ফারার রোযার পরম্পরা নষ্ট হবে না। বরং হায়েয শুরু হলে তিনি রোযা ভেঙ্গে ফেলবেন। এরপর যখন পবিত্র হবেন তখন আগে যতটি রোযা রেখেছেন এরপর থেকে দুই মাসের অবশিষ্ট রোযা পূর্ণ করবেন। কেননা হায়েয এমন একটি বিষয় যা আল্লাহ্‌ তাআলা আদমের মেয়েদের তাকদীরে রেখেছেন। এতে কারো কোন হাত নেই। এটি আলেমদের মাঝে সর্বসম্মত মত।

আরও বেশি জানতে দেখুন: 82394 নং প্রশ্নোত্তর।

পূর্বোক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, প্রতি মাসে ঋতুচক্র ঘুরে আসা কিংবা কষ্ট হওয়ার আশংকা করা কোন ধর্তব্য ওজর নয়; যে ওজরের কারণে খাদ্য খাওয়ানোর সুযোগ গ্রহণ করা যেতে পারে। বরং ওয়াজিব হল রোযা রাখা। এমনকি হায়েয হলেও। অক্ষমতা ছাড়া তার উপর থেকে রোযা রাখার হুকুম মওকুফ হবে না।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।